গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(আয়কর)

প্রজ্ঞাপন

তারিখঃ ১৭ আষাঢ়, ১৪১৭ বঙ্গাব্দ/১ জুলাই, ২০১০ খ্রিষ্টাব্দ।

এস,আর,ও নং ২৬৩-আইন/আয়কর/২০১০।-Income-tax Ordinance, 1984 (Ord. XXXVI of 1984) এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, ১লা জুলাই ২০১০ হইতে ৩০শে জুন ২০১১ পর্যন্ত সময়কালের জন্য কোম্পানী শ্রেণীর করদাতাদের ক্ষেত্রে মৎস্য খামার হইতে উদ্ভূত আয়ের উপর উক্ত Ordinance এর অধীন প্রদেয় আয়করের হার হ্রাস করিয়া ৫% নির্ধারণ করিল।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(আমিনুর রহমান)
অতিরিক্ত সচিব (পদাধিকারবলে)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(আয়কর)

প্রজ্ঞাপন

তারিখঃ ১৭ আষাঢ়, ১৪১৭ বঙ্গাব্দ/১ জুলাই, ২০১০ খ্রিষ্টাব্দ।

এস,আর,ও নং ২৬৪-আইন/আয়কর/২০১০।-Income-tax Ordinance, 1984 (Ord. XXXVI of 1984) এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, ১লা জুলাই ২০১০ হইতে ৩০শে জুন ২০১১ পর্যন্ত সময়কালের জন্য pelleted poultry feed উৎপাদন হইতে উদ্ভূত আয়ের উপর উক্ত Ordinance এর অধীন প্রদেয় আয়করের হার হ্রাস করিয়া ৫% নির্ধারণ করিল।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(আমিনুর রহমান)
অতিরিক্ত সচিব (পদাধিকারবলে)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(আয়কর)

প্রজ্ঞাপন
তারিখঃ ১৭ আষাঢ়, ১৪১৭ বঙ্গাব্দ/১ জুলাই, ২০১০ খ্রিষ্টাব্দ।

এস,আর,ও নং ২৬৫-আইন-আয়কর/২০১০।-Income-tax Ordinance, 1984 (Ord. XXXVI of 1984) এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে, সরকার, এতদ্দ্বারা অত্র বিভাগের ২২ আষাঢ়, ১৪১২/৬ জুলাই, ২০০৫ তারিখের প্রজ্ঞাপন এস,আর,ও নং ২০৫-আইন/আয়কর/২০০৫ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:

উপরি-উক্ত প্রজ্ঞাপনের ১নং অনুচ্ছেদে বর্ণিত “৩০শে জুন, ২০১০” সংখ্যাগুলি, শব্দগুলি ও কমার পরিবর্তে “৩০শে জুন, ২০১২” সংখ্যাগুলি, শব্দগুলি ও কমা প্রতিস্থাপিত হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(আমিনুর রহমান)
অতিরিক্ত সচিব (পদাধিকারবলে)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(আয়কর)

প্রজ্ঞাপন

তারিখঃ ১৭ আষাঢ়, ১৪১৭ বঙ্গাব্দ/১ জুলাই, ২০১০ খ্রিষ্টাব্দ।

এস, আর, ও নং ২৬৬-আইন/আয়কর/২০১০।- Income-tax Ordinance, 1984 (Ord. XXXVI of 1984) এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, ১৭ আষাঢ়, ১৪১৬ বঙ্গাব্দ/০১ জুলাই, ২০০৯ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন নং এস, আর, ও ১৮৭-আইন/২০০৯ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত প্রজ্ঞাপন এর-

(অ) অনুচ্ছেদ ১ এর দফা (১) নিম্নরূপ প্রতিস্থাপিত হইবে, যথা:-

"(১) প্রদেয় আয়করের হার হইবে নিম্নরূপ, যথা:-

ক্রমিক নং	**গাড়ীর ধরণ**	**প্রদেয় আয়করের হার**
(ক)	১৫০০ সিসি পর্যন্ত প্রতিটি মোটরকার এর জন্য	টাকা ৮,০০০.০০
(খ)	২০০০ সিসি পর্যন্ত প্রতিটি মোটরকার এর জন্য	টাকা ১০,০০০.০০
(গ)	২০০০ সিসির উপরে প্রতিটি মোটরকার এর জন্য	টাকা ১৬,০০০.০০
(ঘ)	২৮০০ সিসি পর্যন্ত প্রতিটি জীপ এর জন্য	টাকা ১৪,০০০.০০
(ঙ)	২৮০০ সিসির উপরে প্রতিটি জীপ এর জন্য	টাকা ১৮,০০০.০০
(চ)	মাইক্রোবাস প্রতিটির জন্য	টাকা ৮,০০০.০০

";

(আ) অনুচ্ছেদ ৪ নিম্নরূপ প্রতিস্থাপিত হইবে, যথা:-

"৪। (ক) উক্ত Ordinance এর section 2 এর clause (46) অনুযায়ী 'person' এর অন্তর্ভুক্ত নহে এইরূপ প্রতিষ্ঠানের মালিকানাধীন মোটরকার, জীপ বা মাইক্রোবাস এর ক্ষেত্রে এই প্রজ্ঞাপন প্রযোজ্য হইবে না।

(খ) পাবলিক বিশ্ববিদ্যালয়, বিদেশী দূতাবাস, জাতিসংঘ ও উহার অঙ্গ সংগঠনসমূহের মালিকানাধীন মোটরকার, জীপ ও মাইক্রোবাস এর ক্ষেত্রে এই প্রজ্ঞাপন প্রযোজ্য হইবে না।" ।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(আমিনুর রহমান)
অতিরিক্ত সচিব (পদাধিকারবলে)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(আয়কর)

প্রজ্ঞাপন

তারিখঃ ১৭ আষাঢ়, ১৪১৭ বঙ্গাব্দ/১ জুলাই, ২০১০ খ্রিষ্টাব্দ।

এস, আর, ও নং ২৬৭-আইন/আয়কর/২০১০।- Income-tax Ordinance, 1984 (Ord. XXXVI of 1984) এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, ১৬ আষাঢ়, ১৪১৬ বঙ্গাব্দ/৩০ জুন ২০০৯ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন নং এস, আর, ও ১৭১-আইন/২০০৯ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত প্রজ্ঞাপনের অনুচ্ছেদ ১ এর-

(ক) দফা (১) এ বর্ণিত প্রদেয় আয়কর এর টেবিলের-

(অ) এন্ট্রি (গ) ও (ঘ) এর পরিবর্তে নিম্নরূপ এন্ট্রি (গ) ও (ঘ) প্রতিস্থাপিত হইবে, যথা:-

“(গ) (অ) তাপানুকূল লাক্সারী বাস প্রতিটির জন্য টাকা ২০,০০০.০০
(আ) দোতলা বাস প্রতিটির জন্য টাকা ১০,০০০.০০
(ঘ) তাপানুকূল মিনিবাস/কোস্টার প্রতিটির জন্য টাকা ১০,০০০.০০”; এবং

(আ) এন্ট্রি (ঞ) এর পরিবর্তে নিম্নরূপ এন্ট্রি (ঞ) প্রতিস্থাপিত হইবে, যথা:-

“(ঞ) শীতাতপ নিয়ন্ত্রিত প্রতিটি ট্যাক্সি ক্যাবের জন্য টাকা ৭,০০০.০০”;

(খ) দফা (২) এ বর্ণিত প্রদেয় আয়কর এর টেবিলের-

(অ) এন্ট্রি (গ) ও (ঘ) এর পরিবর্তে নিম্নরূপ এন্ট্রি (গ) ও (ঘ) প্রতিস্থাপিত হইবে, যথা:-

“(গ) (অ) তাপানুকূল লাক্সারী বাস প্রতিটির জন্য টাকা ১০,০০০.০০
(আ) দোতলা বাস প্রতিটির জন্য টাকা ৫,০০০.০০
(ঘ) তাপানুকূল মিনিবাস/কোস্টার প্রতিটির জন্য টাকা ৬,০০০.০০”; এবং

(আ) এন্ট্রি (ঞ) এর পরিবর্তে নিম্নরূপ এন্ট্রি (ঞ) প্রতিস্থাপিত হইবে, যথা:-

“(ঞ) শীতাতপ নিয়ন্ত্রিত প্রতিটি ট্যাক্সি ক্যাবের জন্য টাকা ৩,০০০.০০”।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(আমিনুর রহমান)
অতিরিক্ত সচিব (পদাধিকারবলে)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(আয়কর)

প্রজ্ঞাপন
তারিখঃ ১৭ আষাঢ়, ১৪১৭ বঙ্গাব্দ/১ জুলাই, ২০১০ খ্রিষ্টাব্দ।

এস, আর, ও নং ২৬৮-আইন/আয়কর/২০১০।- Income-tax Ordinance, 1984 (Ord. No. XXXVI of 1984) এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, ১৪ আষাঢ়, ১৪১৪ বঙ্গাব্দ/২৮ জুন, ২০০৭ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন নং এস, আর, ও ১৫৮-আইন/আয়কর/২০০৭ এতদ্‌দ্বারা রহিতক্রমে, পাবলিক বিশ্ববিদ্যালয় ব্যতীত বেসরকারী বিশ্ববিদ্যালয়, বেসরকারী মেডিকেল কলেজ, বেসরকারী ডেন্টাল কলেজ, বেসরকারী ইঞ্জিনিয়ারিং কলেজ বা কেবলমাত্র তথ্য প্রযুক্তি বিষয়ে শিক্ষাদানে নিয়োজিত বেসরকারী কলেজ এর উদ্ভূত আয়ের উপর প্রদেয় আয়করের হার হ্রাস করিয়া ১৫% নির্ধারণ করিল।

২। ইহা ১লা জুলাই, ২০১০ তারিখ হইতে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(আমিনুর রহমান)
অতিরিক্ত সচিব (পদাধিকারবলে)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(আয়কর)

প্রজ্ঞাপন

তারিখঃ ১৭ আষাঢ়, ১৪১৭ বঙ্গাব্দ/১ জুলাই, ২০১০ খ্রিষ্টাব্দ।

এস, আর, ও নং ২৬৯-আইন/আয়কর/২০১০।- Income-tax Ordinance, 1984 (Ord. XXXVI of 1984), অত:পর উক্ত Ordinance বলিয়া উল্লিখিত, এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন কর্তৃক অনুমোদিত কোন স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত সরকারী সিকিউরিটিজ ব্যতীত অন্য কোন সিকিউরিটিজ লেনদেন হইতে উদ্ভূত আয়ের উপর উক্ত Ordinance এর অধীন প্রদেয় আয়করের হার হ্রাস করিয়া নিম্নোক্তভাবে নির্ধারণ করিল, যথা:-

ক্রমিক নং	**করদাতার প্রকৃতি**	**প্রদেয় আয়করের হার**
(ক)	উক্ত Ordinance এর section 2 এর clause (20) এর অধীন কোম্পানী মর্যাদাভুক্ত এবং clause (32) এর অধীন ফার্ম মর্যাদাভুক্ত করদাতার সিকিউরিটিজ লেনদেন হইতে উদ্ভূত আয়ের উপর--	১০%
(খ)	ব্যাংক, আর্থিক প্রতিষ্ঠান, মার্চেন্ট ব্যাংক, বীমা, লিজিং কোম্পানী, পোর্টফোলিও ম্যানেজমেন্ট কোম্পানী, স্টক ডিলার বা স্টক ব্রোকার কোম্পানী এর স্ব স্ব শেয়ারহোল্ডার বা ডিরেক্টরদের সিকিউরিটিজ লেনদেন হইতে উদ্ভূত আয়ের উপর -------------	৫%
(গ)	ক্রমিক নং (খ) এ বর্ণিত কোম্পানীসমূহের স্ব স্ব শেয়ারহোল্ডার বা ডিরেক্টর ব্যতীত স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত অন্য কোন কোম্পানীর শেয়ারহোল্ডার যাহাদের সংশ্লিষ্ট আয় বৎসরের যে কোন সময়ে স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত কোন কোম্পানী বা কোম্পানীসমূহের পরিশোধিত মূলধনের ১০% এর অধিক পরিমাণ শেয়ার রহিয়াছে, তাহাদের উক্ত কোম্পানী বা কোম্পানীসমূহের সিকিউরিটিজ লেনদেন হইতে অর্জিত আয়ের উপর ------------	৫%।

০২। অনুচ্ছেদ ১ এর ক্রমিক নং (খ) তে বর্ণিত কোন শেয়ারহোল্ডার বা শেয়ারহোল্ডারগণ যদি কোম্পানী মর্যাদাভুক্ত বা ফার্ম মর্যাদাভুক্ত করদাতা হয়, সেইক্ষেত্রে তাহাদের সিকিউরিটিজ লেনদেন হইতে উদ্ভূত আয়ের উপর অনুচ্ছেদ ১ এর ক্রমিক নং (ক) এ বর্ণিত হার প্রযোজ্য হইবে।

০৩। অনুচ্ছেদ ১ এর ক্রমিক নং (খ) তে বর্ণিত শেয়ারহোল্ডার বা ডিরেক্টরগণ, যে কোম্পানীর স্পন্সর শেয়ারহোল্ডার বা ডিরেক্টর, তিনি বা তাহারা উক্ত কোম্পানীর শেয়ার হস্তান্তর করিলে তাহার বা তাহাদের ক্ষেত্রে উক্ত Ordinance এর section 53M প্রযোজ্য হইবে।

০৪। উপরোক্ত অনুচ্ছেদসমূহে বর্ণিত করদাতা ব্যতীত অন্যান্য করদাতাদের স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত কোম্পানীর সিকিউরিটিজ লেনদেন হইতে অর্জিত আয়ের উপর প্রদেয় আয়কর হইতে অব্যাহতি প্রদান করা হইল।

০৫। এই প্রজ্ঞাপনের উদ্দেশ্য সাধনকল্পে ‘সিকিউরিটিজ’ বলিতে সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন কর্তৃক অনুমোদিত কোন স্টক এক্সেচেঞ্জে লেনদেনযোগ্য এবং তালিকাভুক্ত, সরকারী সিকিউরিটিজ ব্যতীত সকল কোম্পানী বা প্রতিষ্ঠানের স্টকস, শেয়ার, মিউচ্যুয়াল ফান্ড ইউনিট, বন্ড, ডিবেঞ্চার বা অন্যান্য সিকিউরিটিজ বুঝাইবে।

০৬। এই প্রজ্ঞাপন ১ জুলাই ২০১০ হইতে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(আমিনুর রহমান)
অতিরিক্ত সচিব (পদাধিকারবলে)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(আয়কর)

প্রজ্ঞাপন

তারিখঃ ১৭ আষাঢ়, ১৪১৭ বঙ্গাব্দ/১ জুলাই, ২০১০ খ্রিষ্টাব্দ।

এস,আর, ও ২৭০-আইন/আয়কর/২০১০।-Income-tax Ordinance, 1984 (Ord. XXXVI of 1984) এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার ০২ মাঘ, ১৪১৫ বঙ্গাব্দ/১৫ জানুয়ারি, ২০০৯ খ্রিস্টাব্দ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন এসআরও নং ০৮-আইন/২০০৯ রহিতক্রমে নিম্নবর্ণিত তফসিল-খ তে উল্লিখিত কর্পোরেট সামাজিক দায়িত্ব পালনের ক্ষেত্রে, নিম্নবর্ণিত তফসিল-ক তে উল্লিখিত শর্তাবলী সাপেক্ষে, কোন কোম্পানীকে তৎকর্তৃক বিনিয়োজিত প্রকৃত অর্থের বা খরচের ১০% হারে আয়কর রেয়াত প্রদান করিল, যথা :-

তফসিল-ক
(আয়কর রেয়াতের শর্তাবলী)

(১) যে সকল কোম্পানী কর্পোরেট প্রতিষ্ঠান হিসাবে সামাজিক দায়িত্ব পালনের মাধ্যমে কর রেয়াত গ্রহণ করিতে আগ্রহী বা উৎসাহী হইবে, সেই সকল প্রতিষ্ঠান-

(ক) এ কর্মরত কর্মকর্তা-কর্মচারীদেরকে নিয়মিত বেতন–ভাতা পরিশোধ করিতে হইবে এবং উক্ত প্রতিষ্ঠান কর্তৃক পরিচালিত কল-কারখানায় বিশেষতঃ শিল্পজাত পণ্য উৎপাদন করা হইলে বর্জ্য ব্যবস্থাপনা প্লান্ট (waste treatment plant) এর ব্যবস্থা থাকিতে হইবে;

(খ) কর্তৃক নিয়মিতভাবে আয়কর, ভ্যাট ও শুল্ক এবং প্রাতিষ্ঠানিক ঋণ পরিশোধ করিতে হইবে;

(গ) কেবল সরকার কর্তৃক অনুমোদিত প্রতিষ্ঠানকে CSR এর আওতায় অনুদান/অর্থ প্রদান করিতে পারিবে; এবং

(ঘ) শ্রম আইনের বিদ্যমান সকল বিধান পরিপালন করিবে।

(২) কোন কর্পোরেট প্রতিষ্ঠান কর্তৃক সামাজিক দায়িত্ব পালনের ক্ষেত্রে ব্যয়িত অর্থ বা খরচকে উহার উৎপাদন হিসাব, বাণিজ্যিক হিসাব অথবা লাভ-ক্ষতি হিসাবে অনুমোদনযোগ্য খরচ মর্মে বিবেচনা করা যাইবে না।

(৩) কোন কর্পোরেট প্রতিষ্ঠান কর্তৃক সামাজিক দায়িত্ব পালনের ক্ষেত্রে দাবীকৃত অর্থ প্রকৃতপক্ষে খরচ হইয়াছে কিনা তৎসম্পর্কে সংশ্লিষ্ট উপ-কর কমিশনার এর নিকট প্রয়োজনীয় তথ্য প্রমাণাদি দাখিল করিতে হইবে।

(৪) কোন কর্পোরেট প্রতিষ্ঠান কর্তৃক গৃহীত CSR কর্ম পরিকল্পনা জাতীয় রাজস্ব বোর্ডকে অবহিত করতঃ এতদ্‌সংশ্লিষ্ট আয়কর রেয়াত সনদ গ্রহণ করিতে হইবে।

তফসিল-খ

(কর্পোরেট সামাজিক দায়িত্ব পালনের ক্ষেত্রসমূহ)

(১) বিশুদ্ধ পানি ব্যবস্থাপনা কার্যক্রমে নিয়োজিত প্রতিষ্ঠানে প্রদত্ত অনুদান;

(২) বনায়ন কার্যক্রমে নিয়োজিত প্রতিষ্ঠানে প্রদত্ত অনুদান;

(৩) নগরীর শোভা/সৌন্দর্য বর্ধনে কার্যক্রমে নিয়োজিত প্রতিষ্ঠানে প্রদত্ত অনুদান;

(৪) বর্জ্য ব্যবস্থাপনা কার্যক্রমে নিয়োজিত প্রতিষ্ঠানে প্রদত্ত অনুদান;

(৫) প্রাকৃতিক দুর্যোগ যেমন-ঘূর্ণিঝড়, ভূমিকম্প, জলোচ্ছ্বাস, প্লাবন এর ফলে ক্ষতিগ্রস্ত এলাকার জন দুর্ভোগ লাঘবের উদ্দেশ্যে সরকারী কোন প্রতিষ্ঠানের মাধ্যমে প্রদত্ত অনুদান;

(৬) বৃদ্ধ নিবাস (old home) প্রতিষ্ঠা ও পরিচালনা কার্যক্রমে নিয়োজিত প্রতিষ্ঠানে প্রদত্ত অনুদান;

(৭) মানসিক বা শারীরিক প্রতিবন্ধীদের কল্যাণে নিয়োজিত কোন সামাজিক সংস্থাকে প্রদত্ত অনুদান;

(৮) ছিন্নমূল শিশুদের শিক্ষার উদ্দেশ্যে পরিচালিত শিক্ষা প্রতিষ্ঠানকে প্রদত্ত অনুদান;

(৯) বস্তিবাসীদের আবাসন প্রকল্পে নিয়োজিত প্রতিষ্ঠানে প্রদত্ত অনুদান;

(১০) নারী অধিকার ও যৌতুক বিরোধী প্রচারণায় নিয়োজিত সামাজিক প্রতিষ্ঠানে প্রদত্ত অনুদান;

(১১) এতীম/ছিন্নমূল শিশুদের ভরণপোষণ ও পুনর্বাসনে নিয়োজিত প্রতিষ্ঠানে প্রদত্ত অনুদান;

(১২) মুক্তিযুদ্ধ বিষয়ক গবেষণা, মুক্তিযুদ্ধের চেতনা পুনরুদ্ধার ও প্রসারে নিয়োজিত এবং মুক্তিযোদ্ধাদের সম্মানজনক জীবনধারণে নিয়োজিত প্রতিষ্ঠানে প্রদত্ত অনুদান;

(১৩) পার্বত্য চট্টগ্রাম, চরাঞ্চল, নদীভাঙ্গন এলাকায় স্বাস্থ্যসম্মত পয়ঃনিস্কাশন কাজে নিয়োজিত প্রতিষ্ঠানে প্রদত্ত অনুদান;

(১৪) ঠোঁট কাটা, ছানি পড়া, ক্যান্সার, কুষ্ঠ রোগ নিরাময়ে নিয়োজিত প্রতিষ্ঠানে প্রদত্ত অনুদান;

(১৫) এসিড আক্রান্তদের চিকিৎসা সেবায় নিয়োজিত ব্যক্তি/প্রতিষ্ঠানে প্রদত্ত অনুদান;

(১৬) গরীব রোগীদের বিনামূল্যে চিকিৎসা সুবিধা প্রদান ও চিকিৎসার মান উন্নয়নের জন্য বিশেষায়িত হাসপাতাল যেমন- ক্যান্সার, লিভার, কিডনী, থ্যালাসেমিয়া, চক্ষু ও কার্ডিও, এ প্রদত্ত অনুদান;

(১৭) জনসংখ্যা সমস্যা সমাধানার্থে জন্মনিয়ন্ত্রণ সামগ্রী ব্যবহারকারী পর্যায়ে বিনামূল্যে বিতরণকারী প্রতিষ্ঠানে এবং স্বেচ্ছা বন্ধ্যাকরণ ক্যাম্প পরিচালনায় প্রদত্ত অনুদান;

(১৮) পাবলিক বিশ্ববিদ্যালয়ে প্রদত্ত অনুদান;

(১৯) মেধাসম্পন্ন দরিদ্র ছাত্র-ছাত্রীদের কারিগরি ও বৃত্তিমূলক (technical & vocational) শিক্ষা প্রসারের উদ্দেশ্যে সরকার কর্তৃক স্বীকৃত কোন শিক্ষা প্রতিষ্ঠানে প্রদত্ত অনুদান;

(২০) কম্পিউটার বা তথ্য প্রযুক্তি প্রশিক্ষণ প্রদানার্থে ল্যাব স্থাপন বা ইংরেজি শিক্ষা কর্মসূচী বাস্তবায়নে সরকারী বা এমপিওভুক্ত বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানে প্রদত্ত অনুদান;

(২১) জনশক্তি রপ্তানীর জন্য অদক্ষ ও আধা-দক্ষ শ্রমিককে কারিগরী ও vocational training প্রদানকারী প্রতিষ্ঠানে প্রদত্ত অনুদান; এবং

(২২) জাতীয় পর্যায়ে খেলাধুলার অবকাঠামো উন্নয়ন বা প্রশিক্ষণ প্রদানে নিয়োজিত প্রতিষ্ঠানে প্রদত্ত অনুদান।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(আমিনুর রহমান)
অতিরিক্ত সচিব (পদাধিকারবলে)